



স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০১৪.১৩(পার্ট-২) ৪৫৫২

তারিখ: ১৯ কার্তিক ১৪২৮
০৪ নভেম্বর ২০২১

বিষয়: ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ কায়ছার রহমান
পরিচালক, ব্যানবেইস
সভার স্থান : কনফারেন্স রুম, ব্যানবেইস
সভার তারিখ : ০২ নভেম্বর ২০২১
সভার উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির নির্দেশক্রমে বিগত ২০২১-২২ অর্থবছরে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।

০২। চলতি ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত উদ্ভাবনী, সেবা সহজীকরণ ও ডিজিটাইজেশন বিষয়ক উদ্যোগসমূহ নিয়ে আলোচনা হয়:

ক) সেবা সহজীকরণ: Inventory Management System

ব্যানবেইসের স্টোরের মালামাল সমূহের হিসাব ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষণ করা হয়ে থাকে। যার ফলে স্টোরে সংরক্ষিত মালামালের স্টক, ঘাটতি বিষয়ক সঠিক চিত্র যে কোন সময় উপস্থাপন করতে এবং স্বল্প সময়ে সম্ভব হয় না। এতে করে সঠিক সময়ে ক্রয় পরিকল্পনা গ্রহণ করা সম্ভবপর হয় না। এক্ষেত্রে Inventory Management System ডেভেলোপ করা হলে স্টোর ম্যানেজমেন্ট অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করার পাশাপাশি কম সময়ে প্রয়োজনীয় মালামাল সরবরাহ এবং ক্রয় পরিকল্পনা গ্রহণ সহজতর হবে।

খ) উদ্ভাবন: অনলাইন Master Trainer নির্বাচন

ডিজিটাল ক্লাসরুম বিনির্মানের প্রত্যয়ে ব্যানবেইস এর আওতাধীন ১২৫টি উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) সমূহে শিক্ষকদের আইসিটি বিষয়ে আরও দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে Master Trainer নির্বাচন করা হয়। একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে Master Trainer নির্বাচন অনলাইনে করা হলে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং একই সাথে সময় সাশ্রয় এবং দ্রুত সেবা প্রদান নিশ্চিত করা সম্ভব হবে।

গ) সেবা ডিজিটাইজেশন: শিক্ষাতথ্য অ্যাপ

ব্যানবেইস প্রতিবছর বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ এর মাধ্যমে দেশের সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও প্রকাশ করে থাকে। এছাড়াও উক্ত জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ব্যানবেইস বিভিন্ন দপ্তর, সংস্থা ও অংশীজন ব্যানবেইসে যোগাযোগের মাধ্যমে তথ্য সংগ্রহ করে থাকে। শিক্ষা তথ্যসেবাকে সকলের হাতের মুঠোয় পৌঁছে দেয়ার জন্য ব্যানবেইস একটি শিক্ষাতথ্য অ্যাপ প্রস্তুতের কাজ হাতে নিয়েছে। উক্ত অ্যাপের মাধ্যমে যেকোন ব্যক্তি বা সংস্থা যেকোন সময় পোস্ট-প্রাইমারি শিক্ষা সংক্রান্ত বেসিক তথ্যসমূহ সহজেই পেয়ে যাবেন এবং ব্যবহার করতে পারবে।

০৩। সভাপতি ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য সকলকে উদ্যোগী হওয়ার নির্দেশ প্রদান করেন এবং আইসিটি বিভাগের প্রোগ্রামার ও ফোকাল পয়েন্ট (ই-নথি) জনাব কে.এম. হাসানুল্লাহ্ মাহমুদ কে প্রতি মাসে ই-নথি বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপনের নির্দেশ দেন।

০৪। তথ্য বাতায়নে ব্যানবেইসের প্রকাশনা ও তথ্যাদি প্রচারের জন্য কি ধরনের উদ্যোগ গ্রহণ করা যায়, তা পর্যালোচনার জন্য ডিএলপি বিভাগকে নির্দেশনা প্রদান করেন।

০৫। স্পেশালিস্ট (ডকুমেন্টেশন) জানায় আগামী ২৬/১২/২০২১ খ্রি. তারিখ সেবা ডিজিটাইজেশন উদ্যোগ শিক্ষাতথ্য অ্যাপ এর ডেমো প্রদর্শন করা সম্ভবপর হবে।

০৬। সভায় আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ক) উদ্ভাবন, সেবা সহজীকরণ ও ডিজিটাইজেশন সংক্রান্ত সফটওয়্যার প্রস্তুতের জন্য একটি টিম গঠন করতে হবে;
- খ) ই-নথির ফোকাল পয়েন্ট কর্তৃক প্রতি মাসে ই-নথির হিসাব প্রদান নিশ্চিত করতে হবে।
- গ) কর্মপরিকল্পনায় উল্লিখিত সময় ভিত্তিক সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।
- ৭। সভায় আর কোন আলোচনা না থাকার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ কায়ছার রহমান)
পরিচালক
☎ ৫৫১৫২১০২
ই-মেইল: director@banbeis.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সদয় অবগতির জন্য)
- ২। পিএ টু মহাপরিচালক, ব্যানবেইস।। (সদয় অবগতির জন্য)
- ২। সকল কর্মকর্তা, ব্যানবেইস।
- ৩। অফিস কপি।